চুয়াডাঙ্গায় সাত প্রতিষ্ঠানকে ৮হাজার ৫শ টাকা জরিমানা

চুয়াডাঙ্গায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযান পরিচালনা করা হয়েছে। বেলা সাড়ে ১২টার সময় চুয়াডাঙ্গা বড়বাজারে মুরগি, তরমুজ, ফলমুল ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে অভিযানে বিভিন্ন অনিয়মের অপরাধে ০৭ ব্যবসায়ীকে জরিমানা করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা জেলা কার্যালয় কর্তৃক সদর উপজেলার বড়বাজার এলাকায় ভ্রাম্যমাণ অভিযান পরিচালিত হয়।

এসময় চুয়াডাঙ্গা বড়বাজারে অবস্থিত মুরগির বাজারে তদারকিকালে মেসার্স নিউ ব্রয়লার হাউস নামক প্রতিষ্ঠানে মুরগির ক্রয় ভাউচার সংরক্ষণ না করা, অধিক মুনাফায় মুরগি বিক্রয় ও মূল্যতালিকা যথাযথভাবে প্রদর্শন না করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মো: সাইফুল ইসলামকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন- ২০০৯ এর ৪৫ ধারায় ১,০০০/- টাকা, মেসার্স হাসান ব্রয়লার কর্নার এর মালিক মোঃ মজনু মিয়াকে একই অপরাধে ও ধারায় ১,০০০/- টাকা জরিমানা করা হয়।

এছাড়া মুদি দোকান মেসার্স কাউছার স্টোর এর মালিক মো: কাউছার আলীকে দোকানে তেল চিনিসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে ৩৮ ধারায় ২,০০০/- টাকা এবং মেসার্স কৃষি বাণিজ্যালয় এর মালিক মো: শহিদুল হককে মুল্যতালিকা যথাযথভাবে প্রদর্শন না করা ও ক্রয় বিক্রয় ভাউচার সংরক্ষণ না করার অপরাধে ৪৫ ধারায় ৫০০/- টাকা, মেসার্স রাজধানী ভান্ডার এর মালিক মো: রবিউল হককে একই অপরাধ ও ধারায় ১,০০০/- টাকা, মেসার্স অর্জুন স্টোরের মালিক শ্রী অর্জুন সাহাকে পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে ৩৮ ধারায় ১,০০০/- টাকা, চৌরাস্তা মোড়ে মেসার্স হামিদ ফল ভান্ডারের মালিক মো: আব্দুল হামিদকে তরমুজের ক্রয় ভাউচার সংরক্ষণ না করে অধিক মুনাফায় তরমুজ বিক্রয় ও ফলের মুল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে ৩৮ ধারায় ২,০০০/- টাকা জরিমানা করা হয় এবং সবাইকে ভবিষ্যতের জন্য সতর্ক করে নির্দেশনা দেয়া হয়। অভিযানে ০৭টি প্রতিষ্ঠানকে মোট ৮,৫০০/- টাকা জরিমানা করা হয়।অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ।

অভিযানে সার্বিক সহযোগিতায় ছিলেন জেলা কৃষি বিপণন কর্মকর্তা মো: সহিদুল ইসলাম ও চুয়াডাঙ্গা জেলা পুলিশের একটি টিম।

জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন চুয়াডাঙ্গা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ।

দামুড়হুদায় অবৈধভাবে মাটি উত্তোলনের দায়ে ৫০ হাজার টাকা জরিমানা

দামুড়হুদায় অবৈধভাবে মাটি উত্তোলনের দায়ে মোবাইল কোর্টে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। মঙ্গলবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা সদর ইউনিয়নের চিৎলা গ্রামের সাবেক চেয়ারম্যান আ: রব এর ছেলে মিন্টু’কে মোবাইল কোর্টের মাধ্যমে এই জরিমানা করা হয়।

দামুড়হুদা সহকারী কমিশনার ভূমি’র কার্যালয় সুত্রে জানাগেছে দামুড়হুদা সদর ইউনিয়নের চিৎলা গ্রামে অবৈধভাবে মাটি উত্তোলনের দায়ে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এর আওতায় এক ব্যক্তিকে ৫০,০০০ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস।

এসময় তিনি বলেন অবৈধভাবে কোন মাটি উত্তোলন করা যাবে না। অবৈধভাবে মাটি উত্তোলন দণ্ডনীয় অপরাধ। এ সময় তিনি আরও বলেন কোথাও কোন তিন ফসলী জমি বা কোনো জায়গায় অবৈধভাবে মাটি উত্তোলন করে তাহলে আপনারা আমাকে জানাবেন। আমি সরজমিনে তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করব। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউপি সদস্য হাসান আলী, মোবাইল কোর্ট পরিচালনা কালে সহযোগিতা করেন দামুড়হুদা মডেল

থানার একটি চৌকস টিম।

কার্পাসডাঙ্গায় ভ্রাম্যমান আদালতে তিন ব্যবসায়ীকে জরিমানা

দামুড়হুদার কার্পাসডাঙ্গা বাজারে ভ্রাম্যমান আদালত অভিযান চালিয়ে তিন ব্যবসায়ীকে জরিমানা আদায় করেছে ভ্রাম্যমান আদালত।

মঙ্গলবার সন্ধার দিকে দামুড়হুদা উপজেলা সহকারি কমিশনার (ভুমি)) ও নির্বাহী ম্যাজিষ্ট্র্যাট সজল কুমার দাসের নেতৃত্বে ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়।

কার্পাসডাঙ্গা বাজারের মুদি ব্যবসায়ী আজিবার রহমান মুল্যে তালিকা না থাকায় ভোক্তা সংরক্ষন আইন ২০০৯ এর ১১ধারা মোতাবেক ১হাজার টাকা ও অপরিচ্ছন্ন ভাবে ভাজা বিক্রি করার অপরাধে ভোক্তা সংরক্ষন আইন ২০০৯ এর ১৫ ধারা মোতাবেক আবুল বাসার ও সমাজ আলী ওভয়কে ৩শ করে ৬শ টাকা জরিমানা করেন। আইন শৃংখলা রক্ষার দ্বায়িত্বে ছিলেন দামুড়হুদা মডেল থানা পুলিশ।

দামুড়হুদায় বাল্যবিবাহ, কনের পিতাকে দশ হাজার টাকা জরিমানা

দামুড়হুদা উপজেলা সদরে চিৎলা হালদার পাড়ায় বাল্যবিবাহ আয়োজনের দায়ে কিশোরী কনের বাবাকে ১০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। গতকাল বৃহস্পতিবার রাত সাড়ে ১০টার দিকে চিৎলা গ্রামে এঘটনা ঘটে।

দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি)’র অফিস সুত্রে জানাগেছে

উপজেলার চিৎলা হালদার পাড়ায় শ্রী ভগিরথ হালদারের ১৪ বছর বয়সী কন্যার ঝিনাইদহ জেলার হলুধানির নাটাবাড়িয়ায় গ্রামে বাল্যবিবাহের প্রস্তুতি চলছিল।

ওই সময় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতার নির্দেশনায় দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস মোবাইল কোর্ট পরিচালনা করে বাল্যবিবাহের আয়োজন বন্ধ করে দেন। মেয়ের বাবা শ্রী ভগিরথ হালদারকে ১০ হাজার টাকা জরিমানা করেন। পাশাপাশি আদালত মেয়ের বয়স ১৮ না হওয়া পর্যন্ত বিয়ে দেবেন না এবং ১৮ বছর না হওয়া পর্যন্ত বর ওই কিশোরীকে বিবাহ করবেন না মর্মে নির্দেশনা দেয়া হয়।

২০১৭ সালের বাল্যবিবাহ নিরোধ আইন অনুযায়ী এ জরিমানা করা হয়। এসময় তিনি বলেন জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে। এসময় দামুড়হুদা মডেল থানার একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।

জীবননগরে একটি প্রতিষ্ঠানে ৫০হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গা -জীবননগরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর অভিযানে চালিয়ে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার মুড়ি তৈরি করার অপরাধে একটি প্রতিষ্ঠানে ৫০হাজার জরিমানা প্রদান করেছে।

রবিবার দুপুর ১২টার সময় জীবননগর পৌর শহরের ইসলামপুর গ্রামে অবস্থিত মেসার্স সরকার ট্রের্ডাসে অভিযান চালিয়ে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার মুড়ি তৈরি করার অপরাধে , ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯এর ৩৭ ও ৪৩ ধারায় মেসার্স সরকার ট্রেডার্সের মালিক মোঃ নাজমুস সাকিবকে ৫০হাজার টাকা জরিমানা প্রদান করেন।

অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলার সহকারী পরিচালক মোঃ সজল আহম্মেদ। এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ◌্ে◌রর স্যানেটারি ইন্সেপেক্টর আনিসুর রহমান।

অভিযান শেষে স্বাস্থ্যের জন্য ক্ষতিকর নিন্মমানের লবন পানি দিয়ে ধ্বংশ করা হয়।

কোটচাঁদপুরে পানির কারখানায় অভিযান ৬০ হাজার টাকা জরিমানা

কোটচাঁদপুরে পানির কারখানায় অভিযান চালিয়েছেন ভ্রাম্যমান আদালত। তিন প্রতিষ্টানকে ৬০ হাজার টাকা জরিমানা, বন্ধ করা হয়েছে একটি। সোমবার কোটচাঁদপুর শহরে এ অভিযান চালানো হয়।

জানা যায়, কোটচাঁদপুর পৌর শহরে কয়েক জন অসাধু ব্যক্তি ফ্রেস পানির নামে অবৈধ্য প্রতিষ্ঠান গড়ে তুলে, তাদের ব্যবসা করে আসছিল। গতকাল সোমবার ভ্রাম্যমান আদালত অভিযান চালান কোটচাঁদপুর ব্রীজঘাট হালদার পাড়ার এস এম নুরুল আমীনের আলামিন টেড্রিংয়ের বিশুদ্ধ পানি সাপ্লাই, কলেজ বাসস্ট্যান্ডের আক্তার হোসেনের মিরর ডিংকি ওয়াটার ও হাইস্কুল সড়কের রুহুল আমীনের কোটচাঁদপুর ফ্রেস পানির কারখানায়।

এ তিনটি পানির কারখানাকে ৬০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমান আদালত। আর বন্ধ করে দিয়েছেন আলামিন ট্রেডিংয়ের ব্যাটারির পানির কারখানাটি।

অভিযানে উপস্থিত ছিলেন, ঝিনাইদহের ভোক্তাধিকারের সহকারি পরিচালক মামুনুল হাসান, কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের স্যানিট্যারি ইন্সপেক্টর মনিরুজ্জামান সহ সঙ্গীয় পুলিশ কর্মকর্তা ও সদস্যরা।

এ ব্যাপারে ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট খান মাসুম বিল্লাহ বলেন, ভোক্তাধিকারের ৩৭ ধারা অনুযায়ী কোটচাঁদপুরেন তিনটি পানির কারখানাকে ৬০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। আর বন্ধ করে দেয়া হয়েছে একটি ব্যাপারির পানির কারখানা।

তিনি বলেন, প্রাথমিক ভাবে এ জরিমানা করা হয়েছে। এরপরও তারা সংশোধন না হলে, পরবর্তীতে জরিমানা সহ অন্যান্য পদক্ষেপ নেয়া

হবে।

দর্শনায় তিন প্রতিষ্ঠানকে ৩৩ হাজার টাকা জরিমানা

দর্শনায় পৃথক স্থানে চুয়াডাঙ্গা জেলা ভোক্তাঅধিকার অভিযান পরিচালনা করে ৩ প্রতিষ্ঠানে ৩৩ হাজার টাকা জরিমানা আদায় করেছে।

সোমবার দুপুর ১টার দিকে পরিচালিত এ অভিযানে মুদিখানা, পোল্ট্রি ফিড, ঔষধ ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা কার্যালয় কর্তৃক দামুড়হুদা উপজেলার দর্শনা পুরাতন বাজার ও রুদ্রনগর এলাকায় অভিযান পরিচালিত হয়।

এ অভিযানে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের রুদ্রনগর এলাকায় মেসার্স সোহাগ স্টোর নামক প্রতিষ্ঠানে তদারকিকালে মেয়াদ উত্তীর্ণ পণ্য (পোল্ট্রি ফিড, কীটনাশক ও খাদ্যপণ্য) বিক্রয় ও প্রতিষ্ঠানে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক সোহাগ রানাকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৩৮ ও ৫১ ধারায় ১৫ হাজার টাকা, একই এলাকায় মেসার্স লিমা স্টোরের মালিক জাহাঙ্গীর হোসেনকে প্রতিষ্ঠানে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে ৩৮ ধারায় ৩ হাজার টাকা জরিমানা করা হয়।

পরবর্তীতে দর্শনা পুরাতন বাজার এলাকায় মেসার্স মীম পোল্ট্রি কর্ণার নামক ডিলার প্রতিষ্ঠানে অভিযান পরিচালিত হয়। এসময় প্রতিষ্ঠানে মুরগি ও প্রাণীর মেয়াদ উত্তীর্ণ ঔষধ, ভিনেগার প্রদর্শন ও বিক্রয় করার অপরাধে মালিক মেহেদী হাসানকে ৫১ ধারায় ১৫ হাজার টাকা জরিমানা করা হয়। এ অভিযান পরিচালনা কালে অভিযুক্ত সবাইকে ভবিষ্যতের জন্য সতর্ক করে নির্দেশনা দেয়া হয় এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য জনসম্মুখে নষ্ট করা হয়।

পরবর্তীতে উপস্থিত জনসাধারণকে এ সকল বিষয়ে সচেতন ও লিফলেট বিতরণ করা হয়।

এসময় তিনি বলেন জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা ভোক্তাধিকার সংরক্ষণ অধিদপ্তর কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ।

অভিযানে সার্বিক সহযোগিতায় ছিলেন দর্শনা থানা পুলিশের একটি টিম।

মুজিবনগর উপজেলায় দুই প্রতিষ্ঠানকে ৮ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের মুজিবনগর উপজেলা আনন্দবাস গ্রামে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে দুই প্রতিষ্ঠানকে ৮ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ বুধবার ২২শে ফেব্রুয়ারী সকালের দিকে মেহেরপুর জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ এ অভিযান পরিচালনা করে।

অভিযানে মুদিখানা, ফার্মেসি, হোটেল, সার-কীটনাশকসহ বেশকিছু নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়।

এসময় আনন্দবাস বাজারে মেসার্স জিল্লুর স্টোর নামক প্রতিষ্ঠানে তদারকিতে মূল্যতালিকা যথাযথভাবে প্রদর্শন না করা, অস্বাস্থ্যকরভাবে খাদ্যপণ্য সংরক্ষণ ও শিশুদের নিম্নমানের খাদ্যপণ্য বিক্রয়ের অপরাধে প্রতিষ্ঠানটিকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪৩ ও ৪৫ ধারায় ৩,০০০/- টাকা জরিমানা করা হয়।

অপর একটি প্রতিষ্ঠান মেসার্স বাসার মিষ্টান্ন ভাণ্ডারকে পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য ফ্রিজে রেখে বিক্রয়ের অপরাধে ৩৮ ও ৫১ ধারায় ৫,০০০/- টাকা জরিমানা করা হয়।

এসময় জব্দকৃত মেয়াদ উত্তীর্ণ ও খারাপ পণ্যগুলো জনসম্মুখে নষ্ট করা হয় এবং ব্যবসায়ী ও জনসাধারণের মাঝে সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ বলেন,বেশকিছু নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়। এসময় দুই প্রতিষ্ঠানের পণ্যের মুল্যতালিকা ও নিম্নমানের খাদ্যপণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা করা হয় এবং জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে।

এসময় উপস্থিত ছিলেন জেলা কৃষি বিপণন কর্মকর্তা ও জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) মোঃ তারিকুল ইসলাম ও এবং মেহেরপুর পুলিশ লাইনের একটি টিম।

দামুড়হুদা জয়রামপুরে দুটি ফার্মাসীতে ভ্রাম্যমান আদালতে জরিমানা

দামুড়হুদা জয়রামপুরে ভ্রাম্যমান আদালতের অভিযান শেখ হারবাল সহ দুই দোকানে জরিমানা করা হয়েছে রবিবার বিকালে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর কাঠালতলা ও জয়রামপুর স্টেশন বাজারে দীর্ঘ সময় ধরে চলে ঔষধ প্রশাসনের অভিযান।

এই অভিযান চলাকালে জয়রামপুর কাঁঠালতলা বাজারে শেখ মেডিকেলে মেয়াদ উত্তীর্ণ ঔষধের জন্য ৩ হাজার টাকা জরিমানা করা হয়। শেখ মেডিকেলের মালিক ইমতিয়াজ হোসেনের বড় ভাই ডাক্তার ইমরানকে চিকিৎসা দেওয়ার কোন অনুমতি না থাকা সত্ত্বেও চিকিৎসা দেওয়ার কারণে ৫০০০ টাকা জরিমানা করা হয়।

এছাড়া জয়রামপুর রেলস্টেশন বাজারে ফিরোজ মেডিকেলে মেয়াদোত্তীর্ণ ঔষধ এর জন্য ১৫শত টাকা জরিমানা করা হয়। এ অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা সহকারি ঔষধ প্রশাসন কে, এম, মুহনীনিন মাহবুব। এ

অভিযানে সহকারী হিসেবে অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস।

এই বিষয়ে চুয়াডাঙ্গা সহকারি ঔষধ প্রশাসনের কাছে জানতে চাইলে তিনি বলেন, মানুষের মৌলিক চাহিদার একটি হচ্ছে চিকিৎসা। এই দেশের মানুষের সুস্বাস্থ্য নিশ্চিত করতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিরলস কাজ করে চলেছে । আপনারাও সচেতন হন। পরবর্তীতে তারা যেন বিনা অনুমতিতে চিকিৎসা ও মেয়াদোত্তীর্ণ ঔষধ বিক্রি না করে সেই দিকে লক্ষ্য রাখবেন। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে।

জীবননগরে ভ্রাম্যমান আদালতে অভিযান ৪ প্রতিষ্ঠানে জরিমানা

জীবননগরে ভ্রাম্যমান আদালত পরিচালনা করে ৪ প্রতিষ্ঠানে জরিমানা প্রদান করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুর সাড়ে ১২টার সময় জীবননগর পৌর শহরের বিভিন্ন স্থানে খাবার হোটেল পরিস্কার পরিছন্ন না থাকা ও ফলের দোকানে খাবারের মুল্য ও মেয়াদ না থাকায় ৪টি প্রতিষ্ঠানে ২ হাজার ২ শত টাকা জরিমানা প্রদান করেন ভ্রাম্যমান আদালত।

জীবননগর থানা পুলিশের সহযোগিতায় ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন জীবননগর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র।

এ সময় তিনি সকল ব্যবসায়ীদের সতক করেন এবং বাসি পচা খাবার বিক্রি করতে নিষেধ করেন।